

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর,  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০০৬.২০১৭(অংশ-২)-৫৫

তারিখ : ১৩ মার্চ ২০১৮

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “মিডওয়াইফ” পদের জন্য ০৪ (চার) জন প্রার্থীর দাখিলকৃত আবেদন এবং কাগজপত্র পরীক্ষান্তে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য ঘোষণা প্রসঙ্গে।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ০১ মার্চ, ২০১৮ তারিখের ৮০.১০৭.০১১.০০.০০.০০৬.২০১৭(অংশ-২)-৪৬ নং স্মারকের অনুবৃত্তিক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “মিডওয়াইফ” [(১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ : ১০.০৮.২০১৭, বিজ্ঞপ্তি নং-৭১, অনলাইন] এর শূন্য পদের ২০.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত MCQ Type লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ০৪ (চার) জন প্রার্থীর আবেদন এবং অন্যান্য কাগজপত্র জমাদানের প্রেক্ষিতে কমিশন কর্তৃক নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীকে সাময়িকভাবে যোগ্য ঘোষণা করেছে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
২১.০৩.২০১৮ বুধবার সময়-১০.৩০ মিঃ	000054 000404 000500 000653

৪. “মিডওয়াইফ” (১০ম গ্রেড) পদের প্রার্থীদের নামে নতুন করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। MCQ Type লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৫. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী উপরিউক্ত ০৪ (চার) জন প্রার্থীর মূল আবেদনপত্রের [বিপিএসসি ফরম-৩] ০১ সেট কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে প্রদর্শন/ জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল ও সত্যায়িত কপি।
- রেজিস্ট্রেশন সনদের মূল ও সত্যায়িত কপি।
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে সুস্পষ্ট ও যথাযথ সনদের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- মৌখিক পরীক্ষার সময় জাতীয়পরিচয়পত্রের (NID) মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি জমা দিতে হবে। জাতীয়পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির যথাযথ পদ্ধতি অনুসরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস ও কাগজপত্র সহ কমিশনকে লিখিতভাবে জানাতে হবে।
- Applicant's Copy & MCQ Type লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা হবে না।

৭. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৮. বিজ্ঞপ্তিটি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(অতিঃ সচিব)